# The Baptist Tabernacle of Los Angeles

Mailing Address:
P. O. Box 15308
Los Angeles, CA 90015
Phone: (213) 744-9999
E-mail: rlhymersjr@sbcglobal.net
www.sermonsfortheworld.com
www.baptisttabernacle.com




Jack Ngann
Pastor

Dr. R. L. Hymers, Jr.
Pastor Emeritus

ডিসেম্বর, 2022

প্রিয় বন্ধু:

আমি ঈশ্বরের আশীর্ব্বাদপ্রাপ্ত একজন ব্যক্তি। আমি আমার সন্তানদের জন্য খুবই গর্বিত। ওয়েসলী আরিজোনাতে বসবাস করেন এবং তিনি তাঁর কর্মক্ষেত্রে ভালভাবেই কাজ করছেন এবং তাঁর মন্ডলীর সেবাকাজও করছেন। পরের বছর তাঁর প্রথম বই প্রকাশিত হবে! লেসলী হলেন একজন সফল ব্যবসায়ী এবং তাঁর স্ত্রী জিন ও তাঁদের সন্তান হান্না, সারা, আর রবার্ট IV এর সঙ্গে লা কানাডা-ফ্লিনট্রিজ এর একটি সুন্দর বাড়িতে বাস করেন, যেটা এলিনা এবং আমার থেকে বেশি দূরে নয়। এই বসন্তে আমরা রবার্ট IV এর প্রথম জন্মদিনের পার্টিতে সেখানে গিয়েছিলাম। তার বয়স এখন ১ বছর ৬ মাস। আমি নিশ্চিত যে তার সামনে একটা সুন্দর জীবন পড়ে আছে।

আগস্ট মাসে আমাদের পরিবার সদলে সান ফ্রানসিস্কোর উত্তরে, মারিন কাউন্টি পর্যন্ত গিয়েছিলাম, চার্চ অফ্ দ্য ওপেন ডোর এর 50তম বছর পূর্তিতে, যে চার্চটি আমি 1972 সালে আমার দুই বন্ধু মাইক রাইলে এবং রজার হফম্যান এর সঙ্গে প্রতিষ্ঠা করেছিলাম। সেই মহান সময়ে যারা আমাদের সঙ্গে ছিলেন, যেমন আমার পুরানো বন্ধু মার্ক বাক্‌লে এবং কেন্ট ফিলপট, এবং অন্যান্য আরও অনেকের সঙ্গে পুনরায় সাক্ষাৎ হওয়ার সেই সময়টি ছিল অতি মনোরম। মাইক রাইলে'র পুত্র জন বর্তমানে ঐ মন্ডলীর পালক। পৃথিবীর বিভিন্ন প্রান্তে এই মন্ডলীর সেবাকার্যের দ্বারা চল্লিশটিরও বেশি মন্ডলী প্রতিষ্ঠিত হয়েছে। সত্যিই ঈশ্বরের প্রচুর আশীর্ব্বাদ!

যখন আমরা সান গাব্রিয়েলে আমাদের নতুন গৃহে মিলিত হতে পারি সেই সময়ের দিকে আমরা এগিয়ে চলেছি। কাজ প্রায় শেষ হয়ে গেছে, এবং আমরা এখন প্রয়োজনীয় অনুমতিপত্রের জন্য শহর ও কাউন্টির সঙ্গে কাজ করছি। আমাদের এই নতুন মন্ডলী চীনের সেবাকাজ করবে, যেমন ঈশ্বর বহুপূর্বে আমাকে করার আহ্বান করেছিলেন। এটা প্রচুরভাবে চীনা লোক অধ্যুষিত এলাকা এবং এর নাম "The Chinese Baptist Tabernacle of Greater Los Angeles" (দ্য চাইনিজ ব্যাপটিস্ট ট্যাবারন্যাক্‌ল অফ গ্রেটার লস এঞ্জেল্‌স)। আমরা ইতিমধ্যেই চীন থেকে আসা লোকদের পেয়েছি যারা আমাদের সঙ্গে মন্ডলীতে আসছেন। আমাদের নতুন পালক, জ্যাক নগানন, স্পষ্টভাবে ধর্ম্মোপদেশ প্রচার করেন। প্রত্যেক রবিবার মন্ডলীর সভার পরে, তিনি ডঃ খ্রীষ্টোফার কেগান এর সঙ্গে হারানো লোকদের খ্রীষ্ট বিশ্বাস ফিরিয়ে আনার জন্য পরামর্শ দান করেন।

***বাক্য ধরে ধরে অনুবাদ করা আমাদের শতাধিক ধর্ম্মোপদেশ এবং শিক্ষা আপনি আমাদের এই WWW.SERMONSFORTHEWORLD.COM ওয়েবসাইটে ছেচল্লিশটি ভাষায় পড়তে পারেন।***

সেপ্টেম্বরে রাফেল কাউলার, এলিনার বাবা, তার পুত্র জর্জ এর সঙ্গে গুয়াতেমালা থেকে আমাদের দেখতে এসেছিলেন। রাফেল একজন শান্ত প্রকৃতির মানুষ। বর্তমানে তিনি 92 বছরের হলেও মন ও শরীরের দিক থেকে এখনও প্রাণবন্ত। আমি গর্ব্বিত যে তিনি আমার শশুর। তিনি তার নাতিদের, লেসলী ও ওয়েসলে, সঙ্গে নিয়ে ডজার্স এর বেসবল খেলা দেখতে যাওয়া উপভোগ করতেন। একদিন আমরা তাকে নিয়ে সান্তা মনিকা স্তম্ভ দেখতে গিয়েছিলাম এবং একসঙ্গে খুব সুন্দর একটা সময় কেটেছিল!

আমি আপনাদের আমার দুইজন বিশেষ বন্ধুর সম্পর্কে কথা বলতে চাই। একজন হলেন ডঃ ডেভিড স্টার্ন। অক্টোবরে তিনি 86 বছর বয়সে যিরুশালেম থেকে স্বর্গে গিয়েছেন। তিনি এবং তার স্ত্রী মান্থা উদারভাবে ইস্রায়েল এবং মধ্য প্রাচ্যে আমাদের হনিমুন ভ্রমণ করার সমস্ত খরচ বহন করেছিলেন। আমরা তাদের বাড়িতে থেকেছিলাম। ডেভিড ছিলেন মোশী সংক্রান্ত যুডাইজমের প্রতিষ্ঠাতাদের একজন। তার সর্বশ্রেষ্ঠ মহান কাজ, "সম্পূর্ণ যিহুদী বাইবেল," হল খ্রীষ্ট বিশ্বাসীদের কাছে একটি শক্তিশালী সাক্ষ্যের শিকড়। এটা দেখায়, এবং চিরকাল দেখাবে, যে যীশু নিশ্চয়ই যতটা যিহুদীদের জন্য ঠিক ততটাই তিনি পরজাতিদের জন্য।

আমার দ্বিতীয় বিশেষ বন্ধু হলেন ডঃ বিল হ্যাথএওয়ে, যিনি বহু বছর ধরে জাপানের মিশনারী ছিলেন। তিনি হলেন একজন ঈশ্বর-আহুত প্রচারক। যদিও তিনি 92 বছর বয়স্ক, ক্যানসারে আক্রান্ত, এবং তিনি হৃদরোগে আক্রান্ত হয়েছিলেন, কিন্তু তিনি এখনও আমেরিকা ও জাপানের লোকদের কাছে প্রচার করেন। ঐ মানুষটি পরিত্যাগ করতে পারেন না! আমি বিলকে সম্মান করি এবং তাকে খুব ভালবাসি।


আমার স্ত্রী এলিনা হলেন সারা বিশ্বের সবথেকে প্রেমময় ও যত্নশীল স্ত্রী। সে আমার কোনকিছু চাওয়ার চেয়েও বেশি। আমাদের 40তম বার্ষিকী ছিল 27শে সেপ্টেম্বর। 25 তারিখে মন্ডলী এবং আমার পুত্র রবার্ট লেসলী III বারব্যাঙ্কের ক্যাস্টাওয়ে রেস্তোরাতে আমাদের জন্য একটা অসাধারণ বার্ষিকী পার্টির আয়োজন করেছিল। মন্ডলীতে লোকেরা ভিডিওতে সাক্ষ্য দিয়েছিলেন। আমার পুত্রদ্বয় জন ওয়েসলী এবং রবার্ট লেসলী ব্যক্তিগতভাবে বক্তব্য রেখেছিলেন, যেমন আমাদের নতুন পালক, জন নগানন বলেছিলেন। চীনা মন্ডলী থেকে আসা আমার পুরানো বন্ধু ডঃ জ্যাকসন লুই এবং আমার হাইস্কুলের বন্ধু ক্লেয়ার বেইবি-কে দেখে আমি আনন্দে আত্মহারা হয়েছিলাম। কি একটা সময়ই না ছিল আমাদের!

গত বছরে আমার একটা স্ট্রোক হয়েছিল। কিন্তু আমাকে বিতাড়িত বলে গণনা করবেন না! আমার পরিকল্পনা কিছি সময়ের জন্য আমি চারিদিকে যাব। আমার ডাক্তার একবার আমাকে বলেছিলেন, "You have the constitution of an ox" (ইউ হ্যাভ দ্য কনস্টিটিউশন অফ অ্যান্ অক্স)। বেশ কয়েকবছর আগে, আমি প্রার্থনা করেছিলাম যে আমি যেন অবশ্যই আমাদের 50তম বার্ষিকী পর্যন্ত বেঁচে থাকি, এখন থেকে দশ বছর। যদি ঈশ্বর চান, আমি আশা করি আমি থাকব!

আরও একবার উদ্দীপনা দেখার প্রার্থনা আমি করি। আমার প্রিয় গীতসংহিতা বলছে, "আমি জীবিতদের দেশে সদাপ্রভুর মঙ্গলভাব দেখিব, এমন বিশ্বাস যদি না করিতাম, [তবে আমার কি হইত]" (গীতসংহিতা 27:13)। আমি ঈশ্বরের মঙ্গলভাব দেখেছি – উদ্দীপনা – চীনা মন্ডলীতে, এবং পুনরায় যীশুর আন্দোলনে। আমি প্রার্থনা করি যে আমি যেন আরও একবার, আমাদের নিজেদের মন্ডলীতে উদ্দীপনা দেখতে পারি!

***বাক্য ধরে ধরে অনুবাদ করা আমাদের শতাধিক ধর্ম্মোপদেশ এবং শিক্ষা আপনি আমাদের এই WWW.SERMONSFORTHEWORLD.COM ওয়েবসাইটে ছেচল্লিশটি ভাষায় পড়তে পারেন।***

এই বড়দিনে আমি প্রার্থনা করছি, “প্রভু, ইহাই হউক।” আর ঈশ্বরের বর্ণনাতীত দানের নিমিত্ত (II করিন্থীয় 9:15) তাঁর পুত্রকে জন্মগ্রহণের জন্য পাঠানো এবং আমাদের জন্য মৃত্যুবরণ করার উৎসব পালন করার একটি চমৎকার সময় আপনারা লাভ করুন!



এখানে আমি চার্চ অফ দ্য ওপেন ডোর এর 50তম পুনর্মিলন বার্ষিকীতে ভি-ফর-ভিকট্রি চিহ্ন দেখাচ্ছি!



সামনে: হান্না ও সারার সঙ্গে রবার্ট III, এলিনা রবার্ট IV কে ধরে আছে, এবং আমি। পিছনে: লিন্ডা, জিন, রাফেল ও জর্জ কাউলার, এবং এলিনার ভাই এরউইন কাউলার।

যীশু’র নামে আপনাদের,



রেভা. আর. এল. হেইমার্স, জুনিয়র
ডি.মিন., ডি.রেল., টিএইচডি., লিট.ডি.
ফিলিপীয় 4:13



রবার্ট IV এর প্রথম জন্মদিন। বাম থেকে ডানদিকে: জিন-এর বাবা মিঃ কিম, কোরিয়ার ঐতিহ্যবাহী পোষাকে জিন, সারা, রবার্ট III রবার্ট IV কে ধরে আছে, সুন্দর হাসিমুখে আমি, এলিনা, সারা, ওয়েসলী, এবং এলিনার মা লিন্ডা।



পুনর্মিলনে, আমার পুরানো বন্ধু মাইক রাইলে (আমার ডানদিকে) এবং স্টিভ ও ন্যান্সী ক্রুস, মন্ডলীর বহুদিনের সদস্যের সঙ্গে আমার পরিবার এবং আমি।



আমি আমার নাতিনাতনী সারা, রবার্ট, এবং হান্নাকে জড়িয়ে ধরতে ভালবাসি।



আমাদের যমজ পুত্র জন ওয়েসলী ও রবার্ট লেসলী তাদের জন্মদিনে রবার্ট IV এবং আমার সঙ্গে।



আমাদের 40তম বার্ষিকীতে ডঃ জ্যাকসন লাউ এর সঙ্গে এলিনা ও আমি।



আমাদের 25তম বার্ষিকী পোর্ট্রেটের সামনে, আমাদের 40তম বার্ষিকী উদযাপনে এলিনা ও আমি।

***বাক্য ধরে ধরে অনুবাদ করা আমাদের শতাধিক ধর্ম্মোপদেশ এবং শিক্ষা আপনি আমাদের এই WWW.SERMONSFORTHEWORLD.COM ওয়েবসাইটে ছেচল্লিশটি ভাষায় পড়তে পারেন।***